

ইবির স্বতন্ত্র ‘ডি’ ইউনিটের ভর্তি পরীক্ষা সম্পন্ন, ফল প্রকাশ রাতেই



ছবি: সমকাল

ইবি প্রতিনিধি

প্রকাশ: ১১ মে ২০২৫ | ১৪:৫১



গুচ্ছ প্রক্রিয়ার বাইরে নিজস্ব পদ্ধতিতে ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) ‘ডি’ ইউনিটের ভর্তি পরীক্ষা সুষ্ঠুভাবে সম্পন্ন হয়েছে। রোববার বেলা ১১টা থেকে ১২টা পর্যন্ত এক ঘণ্টাব্যাপী বিশ্ববিদ্যালয়ের দুটি ভবনে এমসিকিউ পদ্ধতিতে ৮০ নম্বরের এ পরীক্ষা অনুষ্ঠিত হয়।

পরীক্ষায় উপস্থিত ছিলেন ১ হাজার ৮২৮ জন পরীক্ষার্থী। যা মোট পরীক্ষার্থীর ৯০.৩২ শতাংশ। অনুপস্থিত ছিলেন ১৯৬ জন।
'ডি' ইউনিট সমন্বয়কারী থিওলজি অ্যান্ড ইসলামিক স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. আ.ব.ম ছিদ্দিকুর রহমান আশ্রাফী এ
তথ্য নিশ্চিত করেন। এছাড়া প্রতিবারের ন্যায় এবারও পরীক্ষার দিন রাতেই বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে
(<http://www.iu.ac.bd/admission/>) ফলাফল প্রকাশের চেষ্টা করা হবে বলে জানান তিনি।

তিনি বলেন, 'এর আগে দুয়েকটি ব্যতিক্রম ছাড়া প্রত্যেকবারই পরীক্ষার ফল পরীক্ষার দিন রাতের মধ্যে প্রকাশ করা হয়েছে।
এবারও আমরা চেষ্টা করছি যেন রাতের মধ্যেই ফলাফল প্রকাশ করা যায়।'